

-:বিজ্ঞপ্তি:-

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

১ম সাময়িক পরীক্ষা-২০২১

তারিখ: ০৭/০৯/২০২১

আসসালামু আলাইকুম,

সম্মানিত অভিভাবক ও প্রিয় ছাত্রছাত্রীবৃন্দ, আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, আমরা আগামী ১৫/০৯/২০২১ তারিখ হতে ২ঘন্টা ব্যাপি ৫০ নম্বরের ১ম সাময়িক পরীক্ষা-২০২১ গ্রহণ করতে যাচ্ছি।

অভিভাবকদের প্রতি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কিছু সাধারণ নির্দেশনা নিম্নে দেয়া হলো:

১। রুটিন অনুসারে পরীক্ষার দিন নির্দিষ্ট তারিখে যেদিন যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে শুধুমাত্র ওইদিন সকাল ০৯:০০ টায় ঐ বিষয়ের প্রশ্নপত্র www.bepzacollegectg.edu.bd –ওয়েব সাইটে আপলোড করা হবে। অভিভাবকগণ উক্ত ওয়েব সাইটের Exam অপশনে গিয়ে নির্দিষ্ট তারিখ, শ্রেণি ও বিষয় অনুসারে প্রশ্নপত্র Download করবেন এবং ওইদিন নিজের সুবিধামত সময়ে (যেমন: বিকাল ৩টা হতে ৫টা অথবা সন্ধ্যা ৭টা হতে রাত ৯টা) ২ঘন্টা ব্যাপি পরীক্ষা বাসায় নিবেন।

২। পরীক্ষার আগের রাতে পরীক্ষার জন্য খাতা/উত্তরপত্র নিজ দায়িত্বে বাসায় তৈরি করতে হবে। কভার পেইজ অর্থাৎ খাতার প্রথম পৃষ্ঠায় স্কুলের নাম, পরীক্ষার নাম (১ম সাময়িক পরীক্ষা-২০২১), ছাত্র-ছাত্রীর নাম, শ্রেণি, রোলনং, শাখা, বিভাগ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা), বিষয়ের নাম, তারিখ স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৩। অভিভাবক নিজে ২ঘন্টা পর্যন্ত ইনভেজিলেটরের দায়িত্ব পালন করবেন।

৪। পরীক্ষা শেষ হবার পরপর পরীক্ষার উত্তরপত্র/খাতাটি নিয়ে একটি বড় খামে রেখে দিবেন এবং উত্তরপত্র/খাতাটি নিজে সংরক্ষণ করবেন। এভাবে রুটিন অনুসারে সবগুলো পরীক্ষা শেষ করবেন এবং উত্তরপত্র/খাতাগুলো বড় খামে সংরক্ষণ করবেন।

৫। সবগুলো পরীক্ষা শেষে পরীক্ষার সব উত্তরপত্র/খাতা একটি নির্দিষ্ট তারিখে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে এসে জমা দিতে হবে। উত্তরপত্র/খাতা জমাদানের তারিখ ও সময় পরে জানিয়ে দেয়া হবে।

৬। পরীক্ষা সংক্রান্ত যেকোন তথ্য জানার জন্য নিম্নোক্ত শিক্ষকের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো: (ক) জনাব মোহাম্মদ ফারুক

সহকারী শিক্ষক (গণিত) ও আহবায়ক

১ম সাময়িক পরীক্ষা পরিচালনা কমিটি-২০২১

মোবাইল: ০১৮১৩-২০৮৭৭৭

অধ্যক্ষ

বেপজা পাবলিক স্কুল ও কলেজ

চট্টগ্রাম ইপিজেড